রায়পুরায় দুই ছাত্রী গণধর্ষণকারীদের গ্রেফতার ও ফাঁসির দাবিতে নরসিংদীতে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ

নরসিংদী :: রায়পুরায় চর আড়ালিয়ার বাঘাইকান্দি গ্রামে দুই স্কুল ছাত্রী ধর্ষণকারীদের গ্রেফতার ও ফাঁসির দাবিতে শনিবার (১২/৯৪/২০২৫) নরসিংদীতে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ করেছে সম্মিলিত সচেতন নাগরিক সমাজ।
নরসিংদী প্রেস ক্লাবের সন্মূখে সকাল সাড়ে ১০টা থেকে দেড় ঘন্টাকাল ব্যাপী অনুষ্ঠিত বিশাল মানব বন্ধন কর্মসূচিতে সভাপতিত্ব করেন মহিলা পরিষদের আন্দোলন বিষয়ক সম্পাদক রাবেয়া আক্তার শান্তি। বক্তারা বলেন, সন্ত্রাসী কাইয়ুম ও মুন্না মিয়ার নেতৃত্বে ইমরান,রাজ্জাক,আব্দুর রহমান, ইসরাফিল,সাইফুল মিয়া ও রমজান গত ৭ এপ্রিল পূর্ব বাঘাইকান্দি এস.ই.এস.ডি.পি মডেল হাই স্কুলের ৬ষ্ঠ শ্রেণির দুই ছাত্রীকে গণধর্ষণ করে ।

এই গণধর্ষণের ঘটনাটি এলাকার একটি প্রভাবশালী মহল ধামাচাপা দেয়ার চেষ্টা করে। পরে জেলা প্রশাসকের নির্দেশে রায়পুরা থানায় দুটি মামলা দায়ের করা হয়। কিন্তু মামলা হলেও আজ পর্যন্ত কোনো আসামী গ্রেফতার হয়নি। ঘটনা যারা ধামাচাপা দেয়ার অপচেষ্টা করেছিলো, আসামীরা সেই প্রভাবশালী মহলের ছত্রচ্ছায় আত্মগোপনে রয়েছে বলে আমাদের ধারণা।

বক্তাগণ জেলা প্রশাসন ও পুলিশ বিভাগের উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে বলেন, আগামী ২৪ ঘন্টার মধ্যে আসামীদের গ্রেফতার করে আইনের আওতায় আনা না হলে আমরা সচেতন নরসিংদীবাসীদের নিয়ে বৃহত্তর আন্দোলন গড়ে তুলবো।

মানব বন্ধন ও প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন, যথাক্রমে ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেট সদস্য শিক্ষক নেতা রঞ্জিত কুমার সাহা,রায়পুরা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ আমজাদ হোসেন, সুজন-সুশাসনের জন্য নাগরিক এর জেলা সম্পাদক হলধর দাস, সম্মিলিত সামাজিক আন্দোলন নেতা বীর মুক্তিযোদ্ধা মোঃ শহীদুল্লাহ্